# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৭৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুমতি প্রার্থনা

আরবী

وَعَن عبد الله بن بُسرٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَتَى بَابَ قَوْمٍ لَمْ يَسْتَقْبِلِ الْبَاب تِلْقَاءِ وَجْهِهِ وَلَكِنْ مِنْ رُكْنِهِ الْأَيْمَنِ أَوِ الْأَيْسَرِ فَيَقُولُ: «السَّلَامُ عَلَيْكُمْ السَّلَامُ عَلَيْكُمْ» وَذَلِكَ أَنَّ الدُّورَ لَمْ يَكُنْ يَوْمَئِذٍ عَلَيْهَا سُتُورٌ. رَوَاهُ أَبُو دَاوُدَ
وَذَكَرَ حَدِيثَ أَنَسٍ قَالَ: «السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ» فِي «بَابِ الضِّيَافَةِ»

বাংলা

৪৬৭৩-[৭] ’আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন বাড়িতে যেতেন, তখন ঘরের দরজার দিকে মুখ করে দাঁড়াতেন না; বরং দরজার ডানদিকে বা বামদিকে দাঁড়াতেন এবং অনুমতি গ্রহণের উদ্দেশে ’’আসসালা-মু ’আলায়কুম’’, ’’আসসালা-মু ’আলায়কুম’’ বলতেন। আর এটা সে সময়ের কথা যখন দরজার সামনে পর্দা ঝুলানো থাকত না। (আবূ দাঊদ)[1]

আর নিমন্ত্রণ অধ্যায়ে আনাস(রাঃ) হতে বর্ণিত হাদীসে আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ’’আসসালা-মু ’আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ’’।

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৫১৮৬, শু‘আবুল ঈমান ৮৮২২, ‘বায়হাক্বী’র কুবরা ১৮১১৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ বাড়িতে দৃষ্টি পড়ে যাওয়ার কারণে দরজা বরাবর সামনে দাঁড়ানো নিষিদ্ধ। তাই দরজার ডান বা বাম পাশে সরে দাঁড়াতে হবে। তিনি দু’বার সালাম দিয়েছেন বাড়িওয়ালাকে শুনানোর জন্য এবং অনুমতি নিশ্চিত করার জন্য। তিনি সালাম ডাবল দেয়ার দ্বারা অধিক সংখ্যক উদ্দেশ্য নিয়েছেন। দুই বারে সীমাবদ্ধ করেননি। কারণ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কোন গুরুত্বপূর্ণ কথা তিনবার বলার অভ্যাস ছিল। (‘আওনুল মা‘বূদ ৮ম খন্ড,

হাঃ ৫১৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75397

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন